নম্বর 202.59

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কতৃত্ববলে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধানসমূহ বা তার অংশবিশেষের ক্ষেত্রে, যদি সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধানসমূহ বা তার অংশবিশেষ যা মেনে চললে তা দুর্যোগ মোকাবিলায় বাঁধা সৃষ্টি করে বা ব্যাহত করে বা পদক্ষেপ নেওয়া বিলম্বিত করে বা যদি সেই দুর্যোগ সামলাতে সহায়তা করে, এতদ্বারা সেগুলির সকল স্থগিতকরণ, পরিবর্তন এবং সেই সকল নির্দেশিকাসমূহ যা নির্বাহী আদেশ 202.36, 202.37, 202.46, 202.47 এ উল্লিখিত, ও নির্বাহী আদেশ 202.54 দ্বারা প্রসারিত, সেগুলি 27 সেপ্টেম্বর 2020 পর্যন্ত অব্যাহত রাখছি আরো ত্রিশ দিনের জন্য, নিম্নলিখিতগুলি ব্যতিরেকে:

- রিয়েল প্রপার্টি ট্যাক্স আইন (Real Property Tax Law) সেকশন 925-a অনুযায়ী সুদ বা জরিমানা ছাড়া সম্পত্তি কর পরিশোধের মেয়াদ এর কোন প্রসারণ আর কার্যকর নয়; এবং
- যে নির্দেশিকায় টেলিফোন বা ভার্চুয়াল পার্টির মনোনয়নের কনভেনশনের অনুমোদন যা 2020 সালের আইনের 142 নং অধ্যায় দ্বারা অতিক্রম করা হয়েছে।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কতৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি যা 27 সেপ্টেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- স্বাস্থ্য কমিশনার (Commissioner of Health) জরুরী নিয়মকানুন, সকল COVID-19 এবং ইনফ্লুয়েঞ্জা কেসের সময়োপযোগী পরীক্ষা এবং প্রতিবেদনের জন্য ব্যাপক রাজ্যব্যাপী প্রোটোকল তৈরি করবে যাতে ফ্লু মৌসুম কাছে আসার সাথে সাথে নিশ্চিত করা যায় যে রাজ্যের কাছে সকল এলাকাগুলিতে ইতিবাচক কেসের সংখ্যা মূল্যায়ন করার জন্য নির্ভুল ডেটা এবং সময়োপযোগীভাবে পরিচিতি ট্রেস করার জন্য সর্বোত্তম উপায়গুলি উপলভ্য।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

আগস্ট মাসের আঠাশতম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব